Lens Asia

২২ অক্টোবর, ২০২৬

অসুস্থ হয়ে এভারকেয়ার হাসপাতালে ভর্তি স্থানীয় সরকারমন্ত্রী

স্থানীয় সরকারমন্ত্রী আবদুল মঈন খান। ছবি: সংগৃহীত

হঠাৎ বুকে ব্যথা অনুভব করায় এভারকেয়ার হাসপাতালের নিবিড় পরিচর্যা কেন্দ্রে (সিসিইউ) ভর্তি হয়েছেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য ও স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী আবদুল মঈন খান।

বুধবার রাতে তাঁকে হাসপাতালে ভর্তি করা হয় বলে জানিয়েছেন বিএনপির মিডিয়া সেলের সদস্য শায়রুল কবির খান।

তিনি জানান, বৃহস্পতিবার (২২ অক্টোবর) দুপুর ২টার দিকে আবদুল মঈন খানকে দেখতে হাসপাতালে যান বিএনপির স্থায়ী কমিটির সদস্য ও সমাজকল্যাণমন্ত্রী ডা. এ জেড এম জাহিদ হোসেন।

এ সময় আবদুল মঈন খানের পরিবার, দল ও সরকারের পক্ষ থেকে দেশবাসীর কাছে তাঁর সুস্থতার জন্য আল্লাহর দরবারে দোয়া চাওয়া হয়েছে।

LENS ASIA